

কাঁকড়া সংকলন

কাঁকড়া চাষ প্রযুক্তি সম্প্রসারণ ও বাজারজাতকরনের মাধ্যমে উদ্দোক্ষাদের আয় বৃদ্ধি ও
কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক ভ্যালু চেইন প্রকল্প

তৃতীয় সংক্রন, ২০২২ খ্রিঃ পেইস প্রজেক্ট, কোস্ট ফাউন্ডেশন

প্রকল্পের বিবরণ

পিকেএসএফ এর সহায়তায় এবং কোস্ট ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে পেইস প্রকল্প গত ৭ ই জুন ২০২১ হতে “কাঁকড়া চাষ প্রযুক্তি সম্প্রসারণ ও বাজারজাতকরনের মাধ্যমে উদ্দোক্ষাদের আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি” শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ প্রকল্পের কাজ শুরু হয়েছে। কক্সবাজার জেলার কক্সবাজার সদর, চকরিয়া, টেকনাফ উপজেলার সর্বমোট ২৪০০ জন কাঁকড়া চাষী, কাঁকড়া শিকারি, কাঁকড়া ডিপোমালিক এবং উদ্যোক্তা পর্যায়ের দুইটি কাঁকড়া হ্যাচারি নিয়ে এই উপ-প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।

কোস্ট ফাউন্ডেশন থেকে প্রাপ্ত অনুদান নিয়ে কাঁকড়ার চাষ করে সফল চাষি দুদু মিয়া



কাঁকড়ার ঘেরে কাঁকড়াকে খাবার দিচ্ছেন দুদু মিয়া

ছবিয়াল: মোহাম্মদ আবদুল্লাহ তারিখ: ৯ জুন ২০২২

পেইচ কাঁকড়া প্রকল্প ইফাদের অর্থায়নে পিকেএসএফ এর সহযোগীতায় এবং কোস্ট ফাউন্ডেশনের উদ্যোগে কাঁকড়া চাষ প্রযুক্তি সম্প্রসারণ ও বাজারজাতকরণের মাধ্যমে উদ্যোক্ষাদের আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রকল্পের কর্ম এলাকা কক্সবাজার জেলার তিনটি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। টেকনাফ উপজেলার কাঁকড়া চাষি, কাঁকড়া শিকারি ও কাঁকড়ার মার্কেট স্টেকহোল্ডার এবং সার্ভিস প্রোভাইডারদেরকে নিয়ে ইতিমধ্যে কাঁকড়া চাষ সম্পর্কিত বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। টেকনাফে অবস্থিত উলুবুনিয়া প্রামে চাষি দুদু মিয়ার কাঁকড়ার ঘের অবস্থিত। তিনি কোস্ট ফাউন্ডেশন থেকে কাঁকড়ার ঘেরে কাঁকড়া চাষ করার জন্য অনুদান ও কাঁকড়া চাষ সম্পর্কিত প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করেন। বর্তমানে তার ঘেরে বিভিন্ন আকারের শীলা কাঁকড়া রয়েছে। নিয়মিত টেকনাফের বিভিন্ন ডিপোতে কাঁকড়া



সরবরাহ করে থাকেন। করোনা পরিবর্তী ক্ষতি কাটিয়ে উঠে বর্তমানে তিনি পূর্বের চেয়েও বেশি আর্থিকভাবে লাভবান হচ্ছেন। তিনি প্রকল্পের এসিস্ট্যান্ট ভ্যালু চেইন ফ্যাসিলিটেটরের মাধ্যমে অনুদানের জন্য আবেদন করেন। পরিবর্তীতে যাচাই বাছাই শেষে তিনি পেইচ প্রকল্প থেকে অনুদান পান। উক্ত অনুদান কাজে লাগিয়ে তিনি তার কাঁকড়ার ঘেরে আধুনিক কলাকৌশল ও প্রযুক্তির মাধ্যমে কাঁকড়া মোটাতাজা করেন। পূর্বে তিনি সনাতন পদ্ধতিতে কাঁকড়া চাষ করতেন। উল্লেখ্য যে, তিনি কাঁকড়া চাষের সকল কলাকৌশল ও প্রযুক্তি সম্পর্কে পেইচ প্রকল্পের বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে অবগত আছেন। বর্তমানে তিনি এলাকায় একজন সফল কাঁকড়া চাষী ও সবার অনুকরণীয় হয়ে উঠেছেন।

বাশের বানা ও নেট দিয়ে আধা নিবিড় পদ্ধতিতে কাঁকড়া চাষ।

ছবিয়াল: মোহাম্মদ আবদুল্লাহ তারিখ: ৯ জুন ২০২২

প্রয়োজনে:

মোহাম্মদ আবু নাসেম

ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর

মোবাইল: ০১৩১৩৭৯৮৮৬৫